

অতি জরুরী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-৩
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd



নং- ৩৭.০০.০০০০.০৭৪.০২৯.০০৪.২০১৯.৭৮

তারিখ : ২৫.০৩.২০২০ খ্রি.

বিষয়: মহামান্য হাইকোর্ট বিভাগের কনটেম্পট পিটিশন নং-৫৪০/২০১৯ এর আদেশের প্রেক্ষিতে কার্যক্রম গ্রহণ।

সূত্র: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৩৭.০২.০০০০.১১১.৩৩.২২২.২০১৭.৯২/৩, তারিখ: ১১.০২.২০২০খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং-৬৯৮৫/২০১৭ মামলায় ৩০.১১.২০১৭ তারিখে রাজশাহী জেলার মোহনপুর উপজেলাধীন ধুরইল আদর্শ কলেজের শিক্ষক কর্মচারীদের এম.পি.ও. ভুক্ত করার জন্য আদেশ প্রদান করা হয়। উক্ত আদেশ বাস্তবায়ন না হওয়ায় বর্ণিত প্রতিষ্ঠানের অধ্যক্ষ জনাব সরকার মো: খালিদ সাইফুল্লাহ মহামান্য হাইকোর্টে কনটেম্পট পিটিশন নং-৫৪০/২০১৯ দায়ের করেন। বিজ্ঞ আদালত কনটেম্পট মামলায় ১৩.০১.২০২০ তারিখে নিম্নরূপ আদেশ প্রদান করেন :

We are of the view that a remainder should be issued before taking any action against the contemnor-respondents for showing utter disregard and disobedience to this Division.


Accordingly, we direct the contemnor-respondents to implement the aforesaid judgment and order dated 30.11.2017 passed by the High Court Division in Writ Petition No-6985 of 2017 within 7 (Seven) days from the date of receipt of this order without any fail.

২.০ উল্লেখ্য, মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং-৬৯৮৫/২০১৭ এর আদেশের বিরুদ্ধে মহামান্য সুপ্রিম কোর্টের আপিল বিভাগে সিভিল পিটিশন ফর লিভ টু আপিল দায়ের করা হয় এবং তা শুনানীর অপেক্ষায় আছে।

৩.০ এমতাবস্থায়, নিম্নোক্ত কার্যক্রম গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(ক) যেহেতু মহামান্য হাইকোর্ট বিভাগের কনটেম্পট মামলা নং-৫৪০/২০১৯ এর আদেশে ০৭(সাত) দিনের মধ্যে মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং-৬৯৮৫/২০১৭ এর ৩০.১১.২০১৭ তারিখের আদেশ বাস্তবায়ন করার জন্য নির্দেশনা রয়েছে সেহেতু মূল আপিল মামলা দ্রুত নিষ্পত্তির জন্য বিজ্ঞ এ্যাটর্নীর জেনারেল বরাবর পত্র প্রেরণ।

(খ) মূল সিভিল পিটিশন ফর লিভ টু আপিলের বিষয়বস্তুর সাথে সাংঘর্ষিক না হওয়ার জন্য কনটেম্পট মামলা নং- ৫৪০/২০১৯ এর ১৩.০১.২০২০ তারিখের আদেশের বিরুদ্ধে ফ্রেশ লিভ টু আপিল দায়ের করে মূল আপিল শুনানী পর্যন্ত স্থগিত আদেশ চেয়ে আবেদন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।


২৫/৩/২০২০

(মো: কামরুল হাসান)

উপসচিব

ফোন : ৯৫৪০৫১৭

ই-মেইল ds.mpo@moedu.gov.bd

মহাপরিচালক

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

শিক্ষা ভবন, ঢাকা।

সদয় অবগতি/ কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

০১. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

০২. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

০৩. জনাব সরকার মো: খালিদ সাইফুল্লাহ, অধ্যক্ষ, ধুরইল আদর্শ কলেজ, মোহনপুর, রাজশাহী।

০৪. অফিস কপি।